

**মানব-কল্যাণ
- আবুল ফজল**

**উদ্দেশ্য/শিখনফল
প্রবন্ধটি পড়ার পর শিক্ষার্থী-**

১. ‘মানব-কল্যাণ’ কথাটির তাৎপর্য ও গুরুত্ব উপলব্ধি করতে পারবে।
২. কল্যাণধর্মী সমাজ ও রাষ্ট্র গঠনে উদ্বৃদ্ধি হবে।
৩. প্রবন্ধলেখকের জীবন ও সাহিত্য সম্পর্কে জানতে আগ্রহী হবে।

পাঠ - ০১

লেখক-পরিচিতি

০১. জন্ম : ০১ জুলাই, ১৯০৩।
০২. জন্মস্থান : সাতকানিয়া উপজেলা, চট্টগ্রাম।
০৩. প্রাবন্ধিক ও কথাশিল্পী হিসেবে পরিচিত।
০৫. মৃত্যু : ০৪ মে, ১৯৮৩।

পাঠ-পরিচিতি

- উৎস** : প্রবন্ধটি লেখকের ‘মানবতন্ত্র’ প্রবন্ধ গ্রন্থ থেকে সংকলিত।
শ্রেণি (Type) : এটি সমাজ ও রাষ্ট্রের কল্যাণচিন্তামূলক প্রবন্ধ।
বিষয় (Content) : লেখকের মতে, দান-খয়রাত ও কাঙালিভোজ প্রকৃতপক্ষে মানবকল্যাণমূলক কর্ম নয়। প্রকৃত মানবকল্যাণধর্মী কর্ম হচ্ছে সেচি, যার লক্ষ্য সকল অবমাননাকর অবস্থা থেকে মানুষের মুক্তি। অবনুভূত মনে করেন, এরূপ মুক্তিচিন্তাপ্রসূত কল্যাণধর্মী সমাজ ও রাষ্ট্র তথা পৃথিবী গড়ে তোলাই যুগের দাবি।

মূলপাঠ: সংক্ষিপ্ত

১. মানবকল্যাণ কী ও কেন
২. ধর্মীয় চিন্তার উর্ধ্বে ওঠা এবং মানবিক চেতনার উজ্জীবন ঘটানো প্রয়োজন।
৩. সদিচ্ছা নয়- সুবিধাবন্ধিত মানুষের প্রতি দায়বদ্ধতা কেন প্রয়োজন।

শব্দার্থ ও টীকা

শব্দার্থ:

নবি - হজরত মুহম্মদ (স.)। ইসলাম ধর্ম প্রবর্তক।

স্বাবলম্বন- আত্মনির্ভরতা।

মানবিক বৃত্তি - মানবিক চিন্তা-চেতনা ও উপলব্ধি। সমাজের দুষ্ট ও দরিদ্র শ্রেণির জন্য মমত্ববোধ ও দায়িত্ববোধ।

স্বয়ংস্ব - স্বয়ং জাত। অন্যের সাহায্যে সৃষ্ট নয়, এমন। যেমন - ঈশ্বর।

বিদ্যাপতি – বৈষ্ণব পদাবলির কবি। জীবনকাল আনুমানিক (১৩৭৪ – ১৪৬০)। ‘মেথিল কোকিল’
নামে পরিচিত।

চণ্ডীদাস – বড় চণ্ডীদাস বা অনন্ত চণ্ডীদাস। জীবনকাল আনুমানিক (১৩০৯ – ১৩৯৯)।
‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের কবি হিসেবে পরিচিত। জন্মস্থান ছাতনা গ্রাম, বাঁকুড়া। মতান্তরে
নুনুর গ্রাম, বীরভূম।

লালন – ফকির লালন শাহ। বাউল ধর্মগুরু। জীবনকাল ১৭৭২ – ১৮৯০। জন্মস্থান ভাঁড়ারা গ্রাম
বিনাইদাহ। মতান্তরে কুমারখালি, কুষ্টিয়া।

হিবার্ট বঙ্গুতা –

রিলিফ – ত্রাণ বা দরিদ্রদের সাহায্য, Relief

রিহেবিলিটেশন – পুনর্বাসন, Rehabilitation

রেডক্রস (Redcross) – একটি আন্তর্জাতিক সেবামূলক সংগঠন।

অস্তিত্বাদ – ব্যক্তিসত্ত্ব তথা মানবসত্ত্ব বিষয়ক দার্শনিক মতবাদ। কিয়ের্কেগাদ, নিটশে, জঁ পল
সাত্রে প্রমুখ এ মতবাদের প্রবক্তা।

র্যাশানাল (Rational) – যুক্তিসংজ্ঞ। Man is a rational animal.

মুক্তবুদ্ধি (Free will) – মুক্তচিন্তা। অন্ধবিশ্বাস ও গেঁড়ামি থেকে মুক্ত উদার মনোভাব।

টীকা:

১. মানব-কল্যাণের উৎস মানুষের মর্যাদাবোধ বৃদ্ধি আর মানবিক চেতনার বিকাশের মধ্যেই নিহিত।
২. সত্যিকার মানবকল্যাণ মহৎ চিন্তা-ভাবনারই ফসল।
৩. আমাদের বিশ্বাস মুক্তবুদ্ধির সহায়তায় সুপরিকল্পিত পথেই কল্যাণময় পৃথিবী রচনা সম্ভব।